

খবর

https://bonikbarta.net/home/news_category/17/0

খ্যাতিমান প্রকাশকদের অংশগ্রহণে
৭ম বন-ফিশন বইমেলা ২০২৩

বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে

অতি মুনাফালোভীদের কারণেই বৈষম্য তৈরি হচ্ছে: ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ


নিজস্ব প্রতিবেদক


বনিক বার্তা

সুচিন্তিত সঞ্চয়ে পথচলা হোক নির্ভয়ে

IPDC
ডিপোজিট

ডিসেম্বর ১৮, ২০২৩ |



অতি

ছবি: বনিক বার্তা

মুনাফালোভীদের কারণেই বৈষম্য তৈরি হচ্ছে বলে মন্তব্য করেছেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. ওয়াহিদউদ্দিন মাহমুদ।

ক্যাশঅউট এখন হাজারে

ROCKET
ব্র্যান্ড

KONKA
android tv 11
Voice Control 16649

ভুক্ত করলেই
বিশ্ব হাজির!

<https://electromart.com.bd>

তিনি বলেছেন, ‘সত্যিকারের উদ্যোক্তাদের কারণে অর্থনৈতিক বৈষম্য তৈরি হয় না, তৈরি হয় অতি মুনাফালোভী ও অনৈতিক সুবিধাভোগীদের মাধ্যমে- যারা নীতিনির্ধারক মহলের আনুকুল্যে অনৈতিক সুবিধা গ্রহণ করে অবৈধ সম্পদ অর্জন করেছে। অতি পুঁজিবাদের ফলে দেশে অর্থনৈতিক বৈষম্য তৈরি হয়েছে।

গতকাল রোববার (১৭ ডিসেম্বর) ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান সম্পাদিত ‘সংগ্রামী উদ্যোক্তাদের সাহসী পথচলা’ বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান মো. মোস্তফা কামাল, আইবিসিসিআইয়ের প্রেসিডেন্ট ও নিটল-নিলয় গ্রুপের চেয়ারম্যান আব্দুল মাতলুব আহমেদ, এলিট গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের পরিচালক শাইয়ান সিরাজ, এক্সক্লুসিভ ক্যান লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ নাসির, বারডেমের প্রফেসর ইমিরিটাস প্রফেসর ড. হাজেরা মাহতাব, আরপি সাহা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মনীন্দ্র কুমার রায় প্রমুখ।

খবর

বাংলাদেশে পোশাক শ্রমিকদের সমর্থন দিতে মার্কিন আইনপ্রণেতাদের চিঠি

নিজস্ব প্রতিবেদক

ডিসেম্বর ১৯, ২০২৩

f t @ in

বাংলাদেশের পোশাক শ্রমিকদের ন্যায্য মজুরির দাবিকে ‘জোরালোভাবে সমর্থন করার’ অনুরোধ জানিয়ে আমেরিকান অ্যাপারেল অ্যান্ড ফুটওয়্যার অ্যাসোসিয়েশন (এএএফএ) বরাবর চিঠি দিয়েছেন মার্কিন কংগ্রেসের আট সদস্য।

বাংলাদেশের পোশাক শিল্পে উল্লেখযোগ্য উপস্থিতি ও পরিচালনাগত কারণে কংগ্রেস সদস্যরা মনে করেন, বাংলাদেশী শ্রমিকদের জীবনযাপনের জন্য ন্যূনতম মজুরির ক্ষেত্রে এএএফএ সমর্থন দিতে পারে। বৈশ্বিক পোশাক শিল্পের জন্য গুরুত্বপূর্ণ দেশটিতে শ্রম অধিকারকে দৃঢ় অবস্থানে নেয়ার সুযোগ তাদের রয়েছে।

গত ১৫ ডিসেম্বর দেয়া এ চিঠিতে সাম্প্রতিক ‘দমন-পীড়ন’-এর প্রসঙ্গ এনে বলা হয়, বাংলাদেশে রূপান্তরমূলক, পদ্ধতিগত সংস্কারের জরুরি প্রয়োজন রয়েছে। সেদিকে আহ্বান জানাতে মার্কিন করপোরেশনগুলোকে অবশ্যই মনোযোগ দিতে হবে।

তারা বলেন, বাংলাদেশের মজুরি বোর্ড ঘোষিত সাম্প্রতিক মজুরি বৃদ্ধি শ্রমিকদের জীবনযাত্রার ত্রুণমবর্ধমান ব্যয় কোনোভাবেই মেটাতে পারবে না। যা তাদের গণবিক্ষোভের দিকে পরিচালিত করেছে। বিক্ষোভকারী ও ট্রেড ইউনিয়ন নেতাদের ওপর হামলায় কমপক্ষে চারজন নিহত, অসংখ্য আহত ও অন্যায্য গ্রেফতার, আটক ও অনির্দিষ্টকালের জন্য কারখানা বন্ধ হয়েছে।

নভেম্বরের শেষ দিকে বিশ্বজুড়ে শ্রম অধিকার সুরক্ষায় একটি স্মারকে স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। সে দিকে ইঙ্গিত করে বলা হয়, প্রতিশোধ, সহিংসতা ও অন্যায্য প্রক্রিয়ায় শ্রমিকদের অধিকারকে সম্মান ও



(<https://electromart.com.bd>)